

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক নং-৪৬,৪৩,৭০০০,০১১,১১,০০৪,২৩ ১২৭

তারিখঃ ২৫ জোড় টাঙ্গুলি পঞ্চাম
১১ জুন ২০২০ খ্রিস্টাব্দ

স্থানীয় সরকার শাখার নিয়োগ পরীক্ষা সংক্রান্ত নোটিশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, চাঁপাইনবাবগঞ্জ এর 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' (১৬-তম প্রেড) এর ০১ (একটি) শূন্য পদের বিপরীতে সরাসরি জনবল নিয়োগের নির্দিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিলের শেষ তারিখ ছিল ২২.১২.২০২১ খ্রি। নির্ধারিত সময়ের মধ্যে 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' (১৬-তম প্রেড) এর ০১ (একটি) শূন্য পদের বিপরীতে ১৮৯ (একশত একাশি) টি আবেদনপত্র পাওয়া যায়, তন্মধ্যে যাচাই বাছাই অন্তে ১৫৪ (একশত চুয়ায়া) টি আবেদন সঠিক হিসাবে বিবেচনা করা হয়। বিভাগীয় কমিশনার, রাজশাহী ও সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহীর সভাপতিত্বে ০৬.০৬.২০২০ খ্রি: তারিখ বিকাল ৩ টা ৩০ মিনিটে অনুষ্ঠিত বিভাগীয় নির্বাচনি বোর্ডের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৭.০৬.২০২০ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকায় কালেক্টরেট প্রিন ভিউ উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে, ব্যবহারিক পরীক্ষা ঐ দিনই বিকাল ৪.৩০টায় চাঁপাইনবাবগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বারঘরিয়া, চাঁপাইনবাবগঞ্জে অনুষ্ঠিত হবে। লিখিত ও ব্যবহারিক উভয় পরীক্ষায় উভীগ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা ১৭/০৬/২০২০ খ্রি: তারিখ বিকাল ৬.০০ টা হতে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট চাকরি প্রার্থীগণের নিকট পরীক্ষার প্রবেশপত্র প্রার্থী কর্তৃক ফিরতি খামে স্বহস্তে লিখিত ঠিকানায় ডাকযোগে ইতিমধ্যেই প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট চাকরি প্রার্থীগণকে নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ নাফিস উদ্দিন)

উপপরিচালক
স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ
ফোনঃ +৮৮০২৫৮৮৮৯৩০২৯
E-mail: ddllgchapainawabganj6300@gmail.com

অনুলিপি :

- ০১। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
- ০২। জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী, চাঁপাইনবাবগঞ্জ (মহোদয়ের সদয় অবগতির জন্য)